# মার্কিন উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সঙ্গে তারেক রহমানের ভার্চুয়াল বৈঠক



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে যুক্তরাষ্ট্রের পক্ষে নেতৃত্ব দেন দেশটির বাণিজ্য প্রতিনিধি ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ রাষ্ট্রদূত জেমিসন গ্রিয়ার।

শুক্রবার (১৬ জানুয়ারি) সকাল ৯টায় রাজধানীর গুলশানে নিজ বাসা থেকে অনলাইনে বৈঠকে যুক্ত হন তারেক রহমান। প্রায় আধা ঘণ্টাব্যাপী এই আলোচনায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপক্ষীয় বাণিজ্য সম্পর্ক, পারস্পরিক শুল্ক কাঠামো এবং ভবিষ্যৎ অর্থনৈতিক সহযোগিতার সম্ভাব্য দিকগুলো গুরুত্ব দিয়ে তুলে ধরা হয়।

বৈঠকে আরও অংশ নেন দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী মার্কিন বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডান লিঞ্চ, একই অঞ্চলের পরিচালক এমিলি অ্যাশবি এবং বিএনপির যুগ্ম মহাসচিব ও আন্তর্জাতিক বিষয়ক কমিটির সদস্য হুমায়ুন কবির।

LENS ASIA

বিএনপি চেয়ারপারসনের প্রেস সচিব সালেহ শিবলীর বরাতে দলের মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, আলোচনাটি ছিল গঠনমূলক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো ভবিষ্যতে এগিয়ে নেওয়ার ওপর জোর দেওয়া হয়েছে।